

নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১১.০১৩.২৫. ৫০


তারিখ: ২৩ পৌষ ১৪৩১
০৭ জানুয়ারি ২০২৫

(ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি-৩)

সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা ইতিমধ্যে <https://medical-info.dghs.gov.bd/public> ওয়েব পেজে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে প্রতিপক্ষের আক্রমণে যারা শহীদ বা আহত হয়েছেন কিন্তু উল্লিখিত প্রথম ধাপের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হননি এমন ব্যক্তি/ব্যক্তিদের নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা হয়েছে।

উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, সংশ্লিষ্ট শহীদ ও আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, হাসপাতালে চিকিৎসা গ্রহণের প্রমাণপত্র এবং উপর্যুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অথবা জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন অথবা গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল এর দলনেতা বরাবর আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।


মোহাম্মদ রবিউল ফয়সাল

জেলা প্রশাসক, রংপুর ও
সভাপতি


ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে
আহতদের তালিকা যাচাই-বাহাইকরণের
নিমিত্ত, জেলা কমিটি
ফোন: ০২৫৮৯৯৬১০৪১(অফিস)

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১১.০১৩.২৫. ৫০

তারিখ: ২৩ পৌষ ১৪৩১
০৭ জানুয়ারি ২০২৫

অনুলিপি:- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. উপপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. পুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর।
৫. পুলিশ সুপার, রংপুর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), রংপুর (তার অধিক্ষেত্রাধীন সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
৯. সিনিয়র জেলা তথ্য অফিসার, রংপুর; বিজ্ঞপ্তিটি জেলার সর্বত্র মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১০. প্রোগ্রামার, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, রংপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিসার ইনচার্জ,..... (সকল) থানা, রংপুর।(বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২. সভাপতি, প্রেসক্লাব, রংপুর।
১৩. সম্পাদক, দৈনিক পত্রিকা, রংপুর; বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় জনস্বার্থে বিনামূল্যে সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ।
১৪. অফিস কপি।


জেলা প্রশাসক